brac institute of governance & development

জুলাই – সেপ্টেম্বর ২০২১ ■ সংখ্যা ১২ ■ ত্রৈমাসিক সংবাদ সংকলন

পাবলিক প্রকিউরমেন্ট ওয়াচ



এক নজরে

০৩ সিটিজেন এনগেজমেন্ট ফোরামের ভার্চুয়াল পুনরারম্ভ

০৪ মাঠের খবর

পর্যটন নগরীতে নাগরিক পর্যবেক্ষণের একটি অনন্য উদাহরণ

—মো: সরোয়ার জাহান ভূঁইয়া

কক্সবাজার মাঠ কর্মকর্তা, ডিম্যাপ

কলাতলী আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রকল্পটি কক্সবাজার সদর উপজেলার ডিম্যাপ-এর ৫ম প্রকল্প হিসেবে নেওয়া হয়েছিল। চকরিয়া, রামু ও কক্সবাজার সদরে ইতিমধ্যে এলজিইডির ১৪টি প্রকল্প চলমান ছিল। পরবর্তীতে এই প্রকল্পটি ইইডি (শিক্ষা প্রকৌশল বিভাগ, কক্সবাজার জেলা) নিরীক্ষা এবং বাছাই করে। কলাতলী আদর্শ উচ্চ বিদ্যালয়টি কলাতলী বিচ

BIGD, Brac University
SK Centre, GP, JA/4, Mohakhali
Dhaka 1212

+88 02 5881 0306, 5881 0326
info@bigd.bracu.ac.bd
http://bigd.bracu.ac.bd

পয়েন্টে সায়েমান হোটেলের ঠিক পিছনে সম্পূর্ণ বাণিজ্যিক এলাকায় অবস্থিত। সৈকতকেন্দ্রিক বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান যেমন আবাসিক হোটেল, রেস্তোরাঁ ইত্যাদির পাশে স্কুলটির অবস্থানের কারণে শুরুতে এখানে নাগরিক মনিটরিং গ্রুপ গঠন করা কঠিন ছিল। পরে প্রধান শিক্ষক এবং খন্ডকালীন শিক্ষক আনোয়ার হোসেন পারভেজের সহায়তায় ৩ জন মহিলা, একজন কলেজ শিক্ষার্থী ও আশপাশের গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয় ১১ সদস্যের একটি নাগরিক মনিটরিং টিম গঠন করা হয়। নারীদের মধ্যে স্থানীয় একজন স্থপতিও ছিলেন যিনি বুয়েটে পড়াশোনা করেছেন। স্কুলের সকল শিক্ষকসহ মনিটরিং টিমের ২৬ জন পুরুষ ও মহিলা সদস্য ওরিয়েন্টেশনে এবং স্থান পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন। ১০ মার্চ ২০২১ তারিখ সকাল ১১:৩০ মিনিটে প্রধান ঠিকাদার স্কুলের দায়িত্বে নিযুক্ত উপজেলা প্রকৌশলী এবং কক্সবাজার জেলা ইইডি সিনিয়র সহকারী প্রকৌশলী বাবুল আহমেদ, এবং স্থানীয় ৪২ জন ব্যক্তির উপস্থিতিতে একটি সাইট মিটিং অনুষ্ঠিত হয়। নারী স্থপতি এবং অন্যান্য নাগরিকদের উপস্থিতিতে এ সভায় প্রকল্পটির লেআউট উদ্বোধন করা হয়।

২৩ মার্চ ২০২১ তারিখে, কাজ তদারকির বেস বক্সের জন্য জনাব আনোয়ার হোসেন পারভেজের ব্যবস্থাপনায় খনন পর্যবেক্ষণ দল একটি তত্ত্বাবধান সময়সূচি প্রস্তুত করে। জনাব পারভেজকে নাগরিকদের সাথে নিয়মিত যোগাযোগ রেখে কাজ ভাগাভাগি করার দায়িত্ব দেওয়া হয়। কাজ তদারকির সুবিধার্থে তিনি তার আবাসস্থল স্কুলের একটি পরিত্যক্ত কক্ষে সরিয়ে নেন। তিনি সেখান থেকে সময়সূচি অনুযায়ী অন্যান্য নাগরিকদের সঙ্গে নির্মাণ কাজ পর্যবেক্ষণ করেন। নাগরিক মনিটরিং টিমের একজন সদস্য নিয়মিত কাজের সময় তার সাথে ছিলেন এবং যখন নির্মাণ সামগ্রী সাইটে পৌঁছে যেত তা টিমের নারী স্থপতিকে জানানো হত। তিনি নির্মাণ সামগ্রীর মান পরীক্ষা করতেন এবং মানচিত্র, নকশা ইত্যাদি সঠিক কিনা তাও যাচাই করতেন। নাগরিক মনিটরিং টিম একটি নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় নির্মাণ কাজের শুরু থেকে এখন পর্যন্ত তত্ত্বাবধান করছে। এটি ডিম্যাপ প্রকল্পে নাগরিক তত্ত্বাবধানের অনুকরণীয় দৃষ্টান্ত।

পরিশেষে বলতে চাই, সরকারি ক্রয়চুক্তিতে নাগরিকদের অংশগ্রহণের জন্য একটি কার্যকর মনিটরিং টিম গঠন করা খুবই গুরুত্বপূর্ণ। তত্ত্বাবধানে তাদের কাজের কার্যকর ভূমিকা সম্পর্কে সংশ্লিষ্ট সংস্থাগুলিকে প্রতিনিয়ত অবহিত করা করা, ঠিকাদারের কাজ গভীরভাবে পর্যবেক্ষণ করা, আকস্মিক পরীক্ষা চালিয়ে নির্মাণ সামগ্রীর গুণগতমান নিশ্চিত করা, সেইসাথে সমস্যা সমাধানের সামর্থ্য এবং সমন্বয় একটি মানসম্পন্ন কাজের সফল সমাপ্তি ঘটাতে পারে।

টেকসই উন্নয়ন, দুর্নীতি প্রতিরোধ এবং ডিম্যাপ-এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন নিশ্চিত করার জন্য, নাগরিক পর্যবেক্ষকদের একটি দল, বিশেষ করে জনাব পারভেজের মতো সচেতন নাগরিক সরকারী বাস্তবায়নকারী সংস্থাগুলির সমস্যা এবং অভিযোগের কার্যকর হিসাব গ্রহণ করার মতই সমান গুরুত্বপূর্ণ। কক্সবাজার জেলার ডিম্যাপ প্রকল্প সেই লক্ষ্যে কাজ করছে এবং আমি বিআইজিডির প্রতিনিধি হিসেবে এর সফল বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পেরে গর্ববোধ করি।

সিটিজেন এনগেজমেন্ট ফোরামের ভার্চুয়াল পুনরারম্ভ

কোভিড মহামারীর জন্য বেশ কয়েকমাস ধরে বন্ধ ছিল সিটিজেন এনগেজমেন্ট ফোরাম (সিইএফ)। তাই ফোরামগুলিকে আবার চালু করার জন্য অনলাইন প্ল্যাটফর্মগুলিতে স্থানান্তর করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল।



ময়মনসিংহ

২৬ আগস্ট ২০২১ তারিখ প্রথম ভার্চুয়াল সিইএফ ময়মনসিংহে অনুষ্ঠিত হয়। মো: শোহেলের রহমান চৌধুরী, মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন। তিনি ফোরামকে অনলাইন প্ল্যাটফর্মে আনার পদক্ষেপকে স্বাগত জানান কারণ এটি ডিম্যাপ-এর লক্ষ্যগুলিকে এগিয়ে নিতে সাহায্য করে এবং প্রত্যেককে স্টেকহোল্ডারদের সাথে আলাপের সুবিধা দেয়। অনুষ্ঠানটির উদ্বোধন করেন মো: আজিজ তাহের খান, পরিচালক (যুগ্মসচিব), সিপিটিইউ। তিনি এই ফোরামের উদ্দেশ্য সম্পর্কে জানান এবং ই-জিপি হেল্প ডেস্ক ও সিটিজেন পোর্টাল সম্পর্কে সবাইকে অবহিত করেন। সেলিনা আজিজ, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার, বিআইজিডি, ব্র্যাক ইউনিভার্সিটি, নাগরিক মনিটরিং গ্রুপ দ্বারা পরিচালিত মাঠ পর্যায়ের কাজ এবং তার সাফল্য সম্পর্কে আলোকপাত করার জন্য একটি উপস্থাপনা তুলে ধরেন। অনুষ্ঠানটির বিশেষ অতিথি, মো: এনামুল হক, জেলা প্রশাসক, ময়মনসিংহ, মাঠ-পর্যায়ের বাস্তব চিত্র তুলে ধরে সবাইকে বুঝিয়ে দেয়ার জন্য বিআইজিডিকে ধন্যবাদ জানান। তিনি নাগরিকদের বিভ্রান্তি কমাতে ডিজাইন করার সময় নাগরিকদের অংশগ্রহণ সম্প্রসারণের প্রয়োজনীয়তার কথা বলেন। এরপরে তিনি সকল অংশগ্রহণকারীদের খোলা মনে কথা বলতে উৎসাহ দেন।

নীলফামারী

নীলফামারী সিইএফ ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখ ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়; মো: হাফিজুর রহমান চৌধুরী, জেলা প্রশাসক, নীলফামারী; সিপিটিইউ-এর প্যানেলিস্টরা এবং বিআইজিডি কর্মকর্তাদের একটি দলসহ অন্যান্যরা। বিশেষ অতিথির বক্তব্যে মো: হাফিজুর রহমান চৌধুরী বলেন, এই প্রকল্পকে টেকসই ও গতিশীল করতে উপজেলাপর্যায়ে সেবা প্রদানকারী, প্রকৌশলী, ঠিকাদার এবং নাগরিকদের প্রতিটি ক্ষেত্রে সমন্বয় করা অপরিহার্য।



গীতা রানী, খলিশাধুলিয়া বাবুপাড়া নাগরিক মনিটরিং গ্রুপের একজন সদস্য, মতবিনিময়কালে তার অভিযোগ তুলে ধরেন। তিনি জানান, তার এলাকায় এক বছরেরও বেশি সময় ধরে স্কুলটির নির্মাণ কাজ বন্ধ রয়েছে। তিনি আরও বলেন, কাজ বন্ধ থাকায় নির্মাণ যন্ত্রপাতি নষ্ট হওয়ার আশঙ্কা আছে। গীতা রানী আরও যোগ করেন, সাইট থেকে নির্মাণ সামগ্রী চুরি হওয়ার অভিযোগ করেছিলেন তিনি। নীলফামারী সদর উপজেলা চেয়ারম্যান শাহিদ মাহমুদ বলেন, জেলা প্রশাসক এবং বিভিন্ন সংস্থার অন্যান্য কর্মকর্তারা তাদের তদারকিতে থাকা প্রকল্প, বিশেষ করে সরকারের "আশ্রয়ণ" প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পর্যবেক্ষণ করেন না। প্যানেলিস্টরা অংশগ্রহণকারীদের বক্তব্য সংগ্রহ করেন এবং উত্থাপিত সমস্যাগুলি সমাধান করার প্রতিশ্রুতি দেন।

মাঠের খবর

১২ আগস্ট ২০২১

হবিগঞ্জ জেলার চুনারুঘাট উপজেলার সাটিয়াজুরী ইউনিয়নের সাটিয়াজুরী উচ্চ বিদ্যালয় ভবন সরেজমিন পরিদর্শনে গিয়ে দেখা যায়, দেরিতে শুরু হলেও কাজ চলছে পুরোদমে। কাজ তদারকি করছিলেন নাগরিক কমিটির সদস্যরা। তারা জানান, কোভিড মহামারীর সময়ও তারা কাজ তদারকি অব্যাহত রেখেছিলেন। নির্মাণ সামগ্রীর মিশ্রণ অনুপাতের একটি সমস্যা হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছিল কিন্তু নাগরিক মনিটরিং গ্রুপের সদস্য এবং শিক্ষকদের হস্তক্ষেপের কারণে তা হয়নি। পরবর্তীতে, প্রধান শিক্ষকের সাথে দেখা করলে তিনি কাজের মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

১৯ সেপ্টেম্বর ২০২১

পটুয়াখালী সদর উপজেলার মধ্য উত্তর বদরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আগস্ট মাসের মাঝামাঝি সময় সরেজমিনে গিয়ে দেখা যায়, নির্মাণ কাজ বন্ধ রয়েছে। প্রকল্পের দায়িত্বে থাকা উপ-সহকারী প্রকৌশলীকে জিজ্ঞাসাবাদ করা হলে তিনি বলেন, ঠিকাদার কোভিড পরিস্থিতির উন্নতি হলে এক মাসের মধ্যে আবার কাজ শুরু হবে এমন আশ্বাস দিয়েছেন। নিয়মিত পরিদর্শনের অংশ হিসাবে, ১৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে মাঠ কর্মকর্তা দেখেন যে ঠিকাদার নিযুক্ত দুই-তিনজন লোক বাকি কাজ পুনরায় শুরু করার জন্য সমস্ত মালামাল প্রস্তুত করছে এবং পরবর্তী কয়েকদিনের মধ্যেই কাজ শুরু হয়ে যায়।

সম্পাদক: সেলিনা আজিজ | নির্বাহী সম্পাদক: জিহাদ আল মেহেদী
বিষয়বস্তু সম্পাদক: ইনসিয়া খান | পরিকল্পক: মুহাম্মদ আব্দুর রাজ্জাক